



স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট (সার্ড)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫, ফোন ও ফ্যাক্সঃ ০২-৯২৯১১১০

বাউবি/সার্ড/ ৫৫৪

তারিখঃ ১৮/০৯/২০১৯

বিএজিএড প্রোগ্রামের ১৯২ টার্মে (জুলাই-ডিসেম্বর, ২০১৯) টার্মে অপেক্ষমান তালিকা হতে শিক্ষার্থী ভর্তি (সংশোধিত)বিজ্ঞপ্তি

- ১। যে সকল স্টাডি সেন্টারে অপেক্ষমান তালিকা ছিল না সেক্ষেত্রে মূল তালিকা হতে বাদ পড়া শিক্ষার্থীগণ ১৯/০৯/২০১৯ বৃহস্পতিবার হতে ৩০/০৯/২০১৯ সোমবার পর্যন্ত শিক্ষার্থী ভর্তি হতে পারবেন।
- ২। এটিআই, শেরেবাংলা নগর, ঢাকা স্টাডি সেন্টারে অপেক্ষমান তালিকাভুক্ত আগ্রহী যে সকল প্রার্থী ১৯/০৯/২০১৯ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:০০ টার মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে রিপোর্ট করবেন তাদের মধ্যে হতে মেধাক্রমানুসারে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে ১৯/০৯/২০১৯ বৃহস্পতিবার হতে ২৩/০৯/২০১৯ তারিখ সোমবার পর্যন্ত সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ভর্তির অনুমতি দিবেন।
তবে ২৩/০৯/২০১৯ তারিখ সোমবার উপস্থিত শিক্ষার্থীদের দ্বারা শূন্য আসন পূরণ না হলে পরবর্তীতে মূল তালিকা হতে বাদ পড়া শিক্ষার্থীসহ অপেক্ষমান তালিকাভুক্ত যেকোন শিক্ষার্থীকে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ২৪/০৯/২০১৯ তারিখ মঙ্গলবার হতে ৩০/০৯/২০১৯ তারিখ সোমবার পর্যন্ত ভর্তির সুযোগ দিবেন (আগে আসলে আগে ভর্তির সুযোগ পাবেন)।
- ৩। বিএজিএড প্রোগ্রামের ১৯২ (জুলাই-ডিসেম্বর, ২০১৯) টার্মে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদেরকে নির্ধারিত ব্যাংকে আইডি কার্ডের ২০০/- (দুই শত) টাকাসহ মোট ৫,৪৮৫/- (পাঁচ হাজার চারশত পঁচাশি টাকা মাত্র) টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি কর্মকর্তা আবেদনকারীর মূল কাগজপত্র, ছবি ও নির্ধারিত ফি জমা নিশ্চিত হয়ে ভর্তি করবেন।
- ৪। ভর্তিকৃত শিক্ষার্থীর টিউটোরিয়াল ক্লাস রুটিন বাউবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(প্রফেসর ড. মোঃ ফরিদ হোসেন)
সভাপতি, ভর্তি কমিটি (১৯২ টার্ম)
এবং
ডীন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবি'র ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি (সকল আঞ্চলিক ও সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্রে জানানোর জন্য অনুরোধ করা হলো)।
- ৩। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।